1. **শিক্ষার্থীদের জন্য কমপিউটিং ডিভাইস অথবা অন্য কোনো উপায় লভ্য থাকবে যা দিয়ে শিক্ষার্থীরা যুগপৎ নির্দেশনা অনুসরণে সক্ষম হবে সেবিষয়টি নিশ্চিতকরণের নীতিমালা এবং প্রক্রিয়া। জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থীরা রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনার জন্য ইন্টারনেট সংযোগ সুবিধা পাচ্ছে, সেটা নিশ্চিত করার নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ।**

a. ডিভাইস প্রাপ্তি

ডিভাইসসমূহ প্রদানে DOE-এর বিভিন্ন প্রক্রিয়া রয়েছে এবং রিমোটভাবে বা দূর থেকে শিক্ষা-নির্দেশনার জন্য চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের একটি করে ডিভাইসপ্রাপ্তিও নিশ্চিত করে। DOE-এর আভ্যন্তরীণ ওয়েবসাইটে অস্থায়ী রিমোট লার্নিং-এ যাওয়া সম্পর্কিত তথ্য দেখার সুযোগ প্রিন্সিপ্যালগণের রয়েছে। যদি শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ডিভাইসের প্রয়োজন হয়, তবে স্কুলগুলি কেন্দ্রীয়ভাবে অর্থায়িত ডিভাইসের অনুরোধ জানাতে পারে অথবা DOE-এর কেন্দ্রীয় ইনভেনটরি তালিকা)-তে যদি কোনো ডিভাইস না থাকে, তবে স্কুলটিকে বিদ্যমান DOE চুক্তিসমূহের মাধ্যমে স্কুলের অর্থ দিয়ে বা স্বল্পমেয়াদি ঋণ-এর জন্য সমন্বয় করে একটি ডিভাইস কিনতে হবে।

2020 সাল থেকে, প্রায় 550,000-টি আইপ্যাড এবং 200,000-টি ক্রোমবুক কেনা হয়েছে এবং শিক্ষার্থীদের ব্যবহারের জন্য শিক্ষার্থী ও স্কুলগুলোর মাঝে বিতরণ করা হয়েছে। NYCPS চাহিদা আছে এমন শিক্ষার্থীদেরকে ডিভাইস প্রদান অব্যাহত রাখবে।

b. ইন্টারনেট সংযোগ

জরুরি পরিস্থিতিতে স্কুল বন্ধের ক্ষেত্রে শিক্ষার্থীদের ইন্টারনেট সংযোগ সহজ করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর নীতিমালা এবং প্রক্রিয়া রয়েছে। যতটা সম্ভব, DOE শিক্ষার্থী এবং পরিবারবর্গকে বাড়িতে ইন্টারনেট সুবিধা প্রদানে সহায়তা করবে। সেটি সম্ভব হবেনা, সেখানে DOE শিক্ষার্থী এবং পরিবারের জন্য ওয়াই-ফাই অ্যাক্সেস পয়েন্ট (ওয়াই-ফাই লাভের ব্যবস্থা) পেতে কমিউনিটি অংশীদারদের সাথে কাজ করবে যাতে তারা দূর থেকে শিক্ষায় অংশ নিতে পারে।

কিছু DOE-প্রদত্ত ডিভাইসের জন্য LTE সার্ভিস অন্তত ডিসেম্বর 2023 পর্যন্ত কার্যকর থাকবে। সে সময়ের পর এসব ডিভাইস ব্যবহারকারী শিক্ষার্থীদের ওয়্যারলেস ইন্টারনেট সার্ভিস সংযোগ প্রয়োজন হবে। এই পরিবর্তন সম্পর্কে শিক্ষার্থীদেরকে অবহিত করতে এবং বিভিন্ন বিনামূল্যের বা স্বল্প মূল্যের ওয়াই-ফাই থেকে একটি বেছে নিতে পরিবারদের সহায়তা প্রদান করতে স্কুলগুলোকে নির্দেশনা দেয়া হবে।

যেসব পরিবারের বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই তাদের শনাক্ত করতে স্কুলগুলোকে সহায়তা করার জন্য DOE ডিজিটাল ইক্যুইটি ফ্যামিলি জরিপ থেকে প্রাপ্ত জবাবসমূহ ব্যবহারের পরিকল্পনা করছে।

এসব DOE ওয়েবসাইট বিনামূল্যে অথবা স্বল্প-মূল্যে ওয়্যারলেস ইন্টারনেট সার্ভিস লাভের সুযোগ কোথায় আছে, সংক্ষিপ্তভাবে সেসবের বিবরণ দেয়। এর পাশাপাশি, নিউ ইয়র্ক সিটিতে 200-টিরও বেশি হোমলেস শেল্টারে ওয়্যারলেস সার্ভিস রয়েছে এবং বিগ অ্যাপেল কানেক্ট নিশ্চিত করে যাতে NYCHA-এ বসবাসকারীদের বিনাখরচে, দ্রুত, নির্ভরযোগ্য, এবং নিরাপদ ইন্টারনেট সুবিধা বিদ্যমান আছে।

এই তথ্য পরিবারদের জানাতে এবং তাদের পরিস্থিতির সাথে সর্বাধিক মানানসই বিকল্পটিতে সাইন আপ করার জন্য সহায়তা করতে স্কুলগুলোকে নির্দেশনা দেয়া হবে। আমরা পূর্বানুমান করছি যে, বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই এমন

পরিবারেরা এই বিকল্পগুলোর একটি থেকে বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে ওয়াই-ফাই পাবে। যদি এসব থেকে বেছে নেওয়ার সুযোগ না মিলে, স্কুলগুলো সম্ভাব্য ক্ষেত্রে DOE-এর বিদ্যমান চুক্তির মাধ্যমে, চাহিদা আছে এমন পরিবারদের জন্য LTE-সক্ষমতাযোগ্য ওয়্যারলেস হটস্পট কিনতে এবং প্রদান করতে পারে।

2. **জরুরি অবস্থার অধীনে রিমোট শিক্ষানির্দেশনার দিনগুলিতে শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনায় যুগপৎ এবং অ-যুগপৎ সময়ের যে অনুপাত সেটির বিষয়ে স্কুল কর্মীদের কাছে প্রত্যাশা এই যে, এই ব্যয়কৃত সময়গুলি যেন অ-যুগপৎ শিক্ষানির্দেশনা যুগপৎ শিক্ষানির্দেশনার সম্পূরক হয়।**

স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের জন্য কোনো একটি অনুমোদিত DOE প্ল্যাটফর্মে ডিজিটাল ক্লাসরুম সেট-আপ করা এবং সকল নির্ধারিত শিক্ষার্থীকে এতে সংযুক্ত করা আবশ্যক। স্কুল বন্ধ থাকার ক্ষেত্রে, স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং অন্য আবশ্যিক পরিষেবা প্রদানকারীগণকে ডিজিট্যাল ক্লাসরুমের মাধ্যমে দূর থেকে যুগপৎ শিক্ষানির্দেশনা চালিয়ে যেতে হবে। কর্মীগণ DOE-এর আভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য লেবার পলিসি গাইডেন্স ডিজিট্যাল ক্লাসরুম 2023-2024 দেখে নিতে পারেন।

3. **যেসব শিক্ষার্থীর জন্য ডিজিটাল প্রযুক্তি দ্বারা রিমোট শিক্ষা-নির্দেশনা লভ্য অথবা উপযুক্ত নয়, তাদের ক্ষেত্রে শিক্ষা-নির্দেশনা কেমন হবে তার বিবরণ।**

শিক্ষার্থীরা তাদের শিক্ষা-নির্দেশনায় লগ ইন করতে বাড়ি-ভিত্তিক টেকনোলজি ব্যবহার করতে পারছে তা নিশ্চিত করতে স্কুলের টেকনোলজি বিষয়ক যোগাযোগের ব্যক্তি, শিক্ষক, এবং প্যারাপ্রফেশনালগণ প্রয়োজন অনুযায়ী পরিবারদের সাথে যোগাযোগ করবেন। যেসব শিক্ষার্থীর জন্য ডিজিটাল টেকনোলজির মাধ্যমে রিমোট শিক্ষা-নির্দেশনা উপযুক্ত নয়, শিক্ষকগণ সেসব শিক্ষার্থীর জন্য পরিচিত এবং ব্যবহারযোগ্য উপকরণ বাড়িতে পাঠাবেন বলে প্রত্যাশিত, যেমন স্পর্শযোগ্য কাজের প্যাকেট, ম্যানিপুলেটিভ উপকরণ, বই ইত্যাদি। এই উপকরণগুলো শিক্ষার্থী এবং তাদের প্রযত্ন-প্রদানকারীদের দ্বারা অ-যুগপৎভাবে ব্যবহার করা যেতে পারে। যেখানে প্রযোজ্য, দূর থেকে শিক্ষা-নির্দেশনাকালে ইতোমধ্যে শেখানো দক্ষতার অনুশীলন/সেটিকে জোরদারকরণে সহায়তা দিতে শিক্ষকগণ ক্লাসরুমের পাঠদান কৌশল এবং উপকরণ ব্যবহার এবং/অথবা 1-1 (একজনের জন্য একজন) প্যারাপ্রফেশনাল নির্ধারণ করে শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনা পেতে সহায়তা করার জন্য 1-1 ভিত্তিতেও কাজ করতে পারেন, যা পূর্ণ-ক্লাসের যুগপৎ শিক্ষা-নির্দেশনা সময়ের বাইরে। পরিবারদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ প্রযুক্তি বিষয়ে সহায়তা দিতে স্কুলের টেকনোলজি বিষয়ক যোগাযোগের ব্যক্তিগণ পরিবারদের সাথে অব্যাহত যোগাযোগ বজায় রাখবেন।

4. **একটি বিনামূল্যে এবং যথাযথ পাবলিক এডুকেশন ব্যবস্থা অব্যাহত রাখা নিশ্চিতকরণে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদেরকে তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) অনুযায়ী, যথা প্রযোজ্য, স্পেশাল এডুকেশন এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) কীভাবে প্রদান করা হবে, তার একটি বিবরণ।**

কোনো কারণে স্কুল বন্ধ থাকলে, শিক্ষক এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ রিমোটভাবে বা দূর থেকে যুগপৎ শিক্ষা-নির্দেশনার উপর নির্ভর করবেন বলে প্রত্যাশিত। কর্মীগণ DOE- এর আভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য লেবার পলিসি গাইডেন্স ডিজিট্যাল ক্লাসরুম 2023-2024 দেখে নিতে পারেন।

IEP-এর সাথে সামঞ্জস্য রেখে, শিক্ষার্থীরা যখন বাড়িতে থাকে, তখন তাদের যুগপৎ শিক্ষণ সুযোগ, IEP-অনুসৃত দক্ষতার অনুশীলন এবং কৌশল, এবং শেখার কাজে সম্পৃক্ত রাখার একটি মিশ্র মাধ্যমে দূর থেকে বা রিমোটভাবে পাঠদানকালে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রিস্কুল শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন এবং সম্পর্কিত পরিষেবা প্রদান করা হয়। সম্পর্কিত পরিষেবা প্রদানকারীগণ যতটা সম্ভব দূর থেকে বা রিমোট অধিবেশনের মাধ্যমে শিক্ষার্থীদের সাথে পরিষেবার সময়সূচি বজায় রাখবেন বলে প্রত্যাশিত। OT, PT এবং স্পিচ থেরাপি প্রদানকারীগণকে তাদের পরিষেবা প্রদান করতে পিতামাতার সম্মতির প্রয়োজন হবে। IEP লক্ষ্যসমূহের প্রতি প্রত্যেকটি রিমোট-সম্পর্কিত পরিষেবার অধিবেশনে খেয়াল রাখা হয়। যদি দীর্ঘ সময়ের জন্য রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনা দেয়ার প্রয়োজন হয়, তবে পরিবার এবং শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট

পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ লভ্য থাকেন এবং তাদের সাথে যোগাযোগের সুযোগও থাকে, যা হয়ে থাকে সঙ্গতিপূর্ণভাবে কোনো অনুমোদিত যোগাযোগের প্ল্যাটফর্মে।

5. **স্কুল ডিস্ট্রিক্টসমূহ যারা ফাউন্ডেশন এইড (নিম্ন আয়/দরিদ্র স্কুল ডিস্ট্রিক্টের আর্থিক সহায়তা) লাভ করে তাদের জন্য, এই চ্যাপ্টারের সেকশন 175.5 অনুযায়ী জরুরি অবস্থার কারণে রিমোট শিক্ষানির্দেশনায় ব্যয়কৃত প্রতিদিনের জন্য যে সংখ্যক শিক্ষানির্দেশনা ঘণ্টা স্কুল ডিস্ট্রিক্টগুলি স্টেট আর্থিক সহায়তার উদ্দেশ্যে দাবি করার ইচ্ছা পোষণ করে।**

রিমোট শিক্ষা-নির্দেশনায় ব্যয়কৃত সময়ের (ঘন্টার) সংখ্যা স্কুলের ভিতরে প্রদত্ত শিক্ষা-নির্দেশনার সময়কেই প্রতিফলিত করে। কিন্ডারগার্টেন এবং এক থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পূর্ণ-দিবসের জন্য, DOE প্রতিদিন 5 ঘণ্টার দাবির ইচ্ছা রাখে, সপ্তম থেকে বার গ্রেডের শিক্ষার্থীদের জন্য, DOE প্রতিদিন 5.5 ঘণ্টা দাবির ইচ্ছা রাখে।+